


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.৪৭০০.০০০.১৪.০৮৪.১৫. 

তারিখঃ ০৭ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৬-১৭/১০১৪, তারিখঃ ১৭/৭/২০১৭।

২০১৫-২০১৬ অর্থবছরে খুলনা জেলা পরিষদের এডিপি এবং রাজস্ব তহবিলের অব্যয়িত ২১,৬০,০০০/- (একুশ লক্ষ ষাট হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১২টি প্রকল্প নিম্নলিখিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৩) নলকূপসমূহ কোন ব্যক্তির বাড়ীতে স্থাপন না করে সর্বসাধারণ যাতে পানি পান করতে পারে এরূপ স্থানে নলকূপ স্থাপন করতে হবে;
- ৪) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ খুলনা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(মোঃ জাহিদ হোসেন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, খুলনা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।